

বিষয়ঃ মোবাইল ফোন অ্যাপসভিত্তিক পরিবহনের রাইড শেয়ারিং সেবার ক্ষেত্রে মূল্য সংযোজন কর আদায়।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বর্তমানে মোবাইল অ্যাপসভিত্তিক বিভিন্ন পরিবহনের রাইড শেয়ারিং সেবা (যেমন: উবার, পাঠাও, সহজ ইত্যাদি) খুব দ্রুত জনপ্রিয় হয়েছে। জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন এসআরও নং- ২৩৪-আইন/২০১৯/৭০-মূসক, তারিখঃ ৩০ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ এর মাধ্যমে সেবার কোড ১০৮০.০০ এর আওতায় “রাইড শেয়ারিং” সেবার ব্যাখ্যা প্রদান করা হয়েছে। উক্ত ব্যাখ্যা অনুযায়ী “রাইড শেয়ারিং” অর্থ কোনো ইন্টারনেট বা ওয়েব বা অনলাইন প্ল্যাটফর্ম বা মোবাইল বা অন্যকোনো ইলেক্ট্রনিক অ্যাপ্লিকেশন ব্যবহার করিয়া ব্যক্তি মালিকানাধীন মোটরযানের মাধ্যমে প্রদত্ত কোনো যাত্রী পরিবহন সেবা। সেবাটি মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর তৃতীয় তফসিলের টেবিল-১ এর “খন্ড-খ” ভুক্ত সেবা হওয়ায় এ সেবার বিপরীতে ৫ শতাংশ হারে মূসক প্রযোজ্য।

০২। সেবাটি পর্যালোচনায় দেখা যায়, এ ধরনের সেবা প্রদানের ক্ষেত্রে বিভিন্ন ব্যক্তিগত পরিবহনের মালিক নিজে কিংবা চালক নিয়োগপূর্বক মোবাইল অ্যাপস ব্যবহারের মাধ্যমে ব্যবসায়িক উদ্দেশ্যে যাত্রীপরিবহন সেবা প্রদান করে থাকেন। উক্ত সেবার বিপরীতে যাত্রী নির্দিষ্ট গন্তব্যে পৌঁছানোর পর মোবাইল অ্যাপস এর মাধ্যমে নির্ধারিত ভাড়া/সেবামূল্য গাড়ীর চালককে পরিশোধ করে থাকেন। গাড়ীর চালক যাত্রীর নিকট হতে যে সেবামূল্য গ্রহণ করেন, তার আংশিক মোবাইল অ্যাপসভিত্তিক সেবা সরবরাহকারী প্রতিষ্ঠান (যেমন: উবার, পাঠাও, সহজ বা অনুরূপ কর্তৃপক্ষ ইত্যাদি) প্রাপ্ত হন। মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর প্রথম তফসিলের দ্বিতীয় খন্ডের অনুচ্ছেদ-৬ এর (গ) মোতাবেক সকল প্রকার বাহনের চালক কর্তৃক প্রদত্ত সেবা ব্যক্তিগত সেবা হিসেবে মূসক অব্যাহতি সুবিধা ভোগ করে। তাই গাড়ীর চালক কর্তৃক সেবা প্রদানের বিপরীতে প্রাপ্ত সমুদয় সেবামূল্যের যে অংশটুকু প্রকৃত পক্ষে তিনি নিজে গ্রহণ করেন, সে অংশটুকুই কেবল মূসক অব্যাহতি প্রাপ্ত। তবে উক্ত সেবা প্রদানের বিপরীতে প্রাপ্ত সর্বমোট সেবামূল্যের যে অংশ অ্যাপস পরিচালনাকারী প্রতিষ্ঠান বা কর্তৃপক্ষ (যেমন: উবার, পাঠাও, সহজ বা অনুরূপ কর্তৃপক্ষ ইত্যাদি) প্রাপ্ত হন, সে অংশ প্রাপ্ত বা প্রাপ্য পণ হিসাবে বিবেচিত হবে এবং যথারীতি মূসক প্রযোজ্য ও আদায়যোগ্য হবে। অ্যাপস পরিচালনাকারী প্রতিষ্ঠান বা কর্তৃপক্ষ প্রাপ্ত বা প্রাপ্য পণ হতে কর ভগ্নাংশের $\{৫/(১০০+৫)\}$ সমপরিমাণ অর্থ বিয়োগ করে সরবরাহমূল্য নিরূপণ করতঃ সরবরাহমূল্যের উপর ৫ (পাঁচ) শতাংশ হারে মূসক প্রযোজ্য হবে, যা করমেয়াদ শেষে দাখিলপত্র প্রদানের পূর্বে প্রদান করতে হবে।

০৩। মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ১১৮-ক এ প্রদত্ত ক্ষমতাবলে এ ব্যাখ্যাপত্র জারি করা হলো।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(হাছান মুহম্মদ তারেক রিকাবদার)
প্রথম সচিব (মূসক নীতি)

প্রাপকঃ উপ-পরিচালক

বাংলাদেশ সরকারি মুদ্রণালয়,
তেজগাঁও, ঢাকা।

[তীকৈ উল্লিখিত আদেশ এর ৫০০ (পাঁচশত) গেজেট কপি মুদ্রণ ও মুদ্রিত কপি সরাসরি জাতীয় রাজস্ব বোর্ডে সরবরাহ করার নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো]